গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
www.fisheries.southsunamganj.gov.bd

# উপজেলা পরিবেশ ও বন কমিটির সভার কার্যবিবরণী

তারিখঃ ২৪/০২/২০২২খ্রিঃ
সভার স্থানঃ উপজেলা পরিষদ হল রুম, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
সভাপতিঃ উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), শান্তিগঞ্জ,সুনামগঞ্জ।

## উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক | নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ জাহিদুল ইসলাম | উপজেলা মৎস্য অফিসার, শান্তিগঞ্জ সুনামগঞ্জ। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল বাছিত সুজন | চেয়ারম্যান জয়কলস ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | ঐ |
| ০৩ | জনাব মো: শহীদু ইসলাম | চেয়ারম্যান,পাথারিয়া ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | ঐ |
| ০৪ | জনাব শাহিনুর রহমান শাহীন | চেয়ারম্যান, শিমুলবাক ইউনিয়ন পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ। | ঐ |

সভার শুরুতে সভাপতি সকলকে জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং উপজেলা মৎস্য অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন কমিটি কে উপজেলা পরিবেশ ও বন কমিটি সম্পর্কে বিস্তারিত আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা মৎস্য অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন কমিটি, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ উপস্থিত সকল সদস্য কে স্বগতম জানিয়ে নিম্ন বর্ণিত আলোচনা সভায় উপস্থাপান করেন। উপস্থিত সকল সদস্য হাজিরা পরিশিষ্ঠ "খ" তে দেখানো হলো ।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | সভায় উপজেলা মৎস্য অফিসার ও সদস্য সচিব, পরিবেশ ও বন কমিটি, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ অন্যান্য সদস্যবৃন্দ উপজেলার বিভিন্ন বাজার, শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের আঙ্গিনাসহ সার্বিক পরিষ্কার পরিছন্নতা এবং সামাজিক বনায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্প সমূহের ব্যাপারে প্রস্তাব করেন। | আলোচ্য কর্মসূচির সার্বিক মনিটরিং এর সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০২ | **প্রস্তাবিত প্রকল্প সমূহের তালিকাঃ**<br>**অবকাঠামো খাত**<br>১. অত্র উপজেলার শান্তিগঞ্জ বাজারে পাবলিক টয়লেট স্থাপন ও বর্জ্য ব্যবস্থাপনা (ডাস্টবিন তৈরি) ।<br>২. অত্র উপজেলার শান্তিগঞ্জ বাজারে পরিকল্পিত ও উন্নত কাচা বাজার (যেমনঃ ফিস শেড, মিট শেড নির্মাণ) স্থাপন।<br>৩. উপজেলা পরিষদ চত্তর, ইউনিয়ন পরিষদ চত্তর এবং অত্র উপজেলার বিভিন্ন উপযোগী জায়গাতে বৃক্ষরোপণ ।<br>৪. উপজেলা পরিষদের অভ্যন্তরীণ বৃক্ষগুলোর পরিচর্যা এবং ব্যবস্থাপনা ।<br>**সক্ষমতা বৃদ্ধি খাত**<br>১. অত্র উপজেলার বিভিন্ন বাজারের কাঁচা বাজারের সাথে সংশ্লিষ্টদের (যেমনঃ মাছ ও মাংস বিক্রেতা) সঠিক বর্জ্য ব্যবস্থপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান। | যথাযথ বাস উপযোগী পরিবেশ বজায় রাখার লক্ষ্যে উল্লিখিত প্রকল্পগুলোর ব্যাপারে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সুপারিশ করেন। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষনা করেন।

24/02/22
উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)
ও
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন কমিটি
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা পরিবেশ ও বন কমিটি, সুনামগঞ্জ।
২। উপ-পরিচালক ও সদস্য সচিব, জেলা পরিবেশ ও বন কমিটি, সুনামগঞ্জ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৪। উপজেলা .........................অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান......................................ইউ/পি, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
৬। অফিস নথি।

২৪/০২/২০২২

উপজেলা মৎস্য অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন কমিটি
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।